রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭২৯—৭৩৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৭৩—১৪৯৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৫৩—২৫৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪৬৩—১৪৮২ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭৭—৭৮ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ................ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-৪ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৬ কার্তিক ১৪২০/১০ নভেম্বর ২০১৩

নং **০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৫.১২-২৫৪**—ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৬ নভেম্বর, ২০১৩ খ্রিঃ তারিখের ১৫৫৬ নং স্মারক ও জাতীয় চাঁদ দেখা কমিটির ০৪-১১-২০১৩ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী ১৪ নভেম্বর, ২০১৩ খ্রিঃ বৃহস্পতিবার এর পরিবর্তে ১৫ নভেম্বর, ২০১৩ খ্রিঃ শুক্রবার পবিত্র আশুরা পালিত হবে। তৎপ্রেক্ষিতে পবিত্র আশুরা উপলক্ষে পূর্ব নির্ধারিত ১৪ নভেম্বর, ২০১৩ খ্রিঃ, ৩০ কার্তিক ১৪২০ বঙ্গাব্দ বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি বাতিলপূর্বক আগামী ১৫ নভেম্বর, ২০১৩ খ্রিঃ, ০১ অগ্রহায়ণ, ১৪২০ বঙ্গাব্দ শুক্রবার পবিত্র আশুরা উপলক্ষে নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করা হলো।

২। যে সকল অফিসের সময়সূচী ও ছুটি তাদের নিজস্ব আইন-কানুন দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে অথবা সে সকল অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের চাকুরী সরকার কর্তৃক অত্যাবশ্যক চাকুরী (Essential Service) হিসেবে ঘোষণা করা হয়েছে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস, সংস্থা ও প্রতিষ্ঠান নিজস্ব আইন-কানুন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে এ ছুটি ঘোষণা করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ সেপ্টেম্বর ২০১৩

**নং ১২.০৫২.০২৭.০০.০০.০৬৯.২০১৩-১৩৭৬**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংশের কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রহমান (পরিচিতি নং-৯৩০), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাইবান্ধা (প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের ০৫ মার্চ ২০১৩ তারিখের ১২.০৫২.০২৭.০০.০০.০৬৯.২০১৩-২২১ সংখ্যক স্মারক মারফত বিভাগীয় মামলা রুজু করতঃ (মামলা নং-০১/২০১৩) ১ম কারণ দর্শানো নোটিশ (অভিযোগনামা) নোটিশ জারী করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে দফাওয়ারী জবাব দাখিল করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন মর্মে উল্লেখ করে উক্ত মামলা হতে অব্যাহতি প্রদানের লক্ষ্যে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান (পরিচিতি নং-৯৩০), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাইবান্ধা (প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ)-এর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৫-০১-২০১২ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানী গ্রহণান্তে শুনানী সন্তোষজনক না হওয়ায় জনাব মোঃ আব্দুর রহমান (পরিচিতি নং-৯৩০), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাইবান্ধা (প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব পুলক রঞ্জন সাহাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে জনাব মোঃ আব্দুর রহমান (পরিচিতি নং-৯৩০), এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা থেকে তাঁকে অব্যাহতি প্রদান করার মতামত দেয়া হয়;

সেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংশের কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রহমান (পরিচিতি নং-৯৩০), মুখ্য প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাইবান্ধা (প্রাক্তন উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা (মামলা নং-০১/২০১৩) হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. এস এম নাজমুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ২৯ অক্টোবর ২০১৩

**নং বিচার-৭/২এন-১/২০১১-১৩৪৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ রেজাউর রহমান, পিতা মৃত মোঃ মঈন উদ্দিন, মাতা লুৎফুন্নেছা, গ্রাম+ডাকঘর কেশন পাড়, উপজেলা সদর দক্ষিণ, জেলা কুমিল্লা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার ৭নং বাগমারা উত্তর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৭ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৮২/২০১৩-১৪৭৪**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোহাম্মদ আবদুল কাইয়ুম, পিতা মোঃ জয়নুল আবেদীন, মাতা মোসাঃ রোকেয়া বেগম, বাসা নং ৮, ব্লক-জি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না এই শর্তে ঢাকা জেলার ভাটারা থানার ভাটারা ইউনিয়নের ২, ৩ ও ৪নং ওয়ার্ড কর্তনপূর্বক নতুন অধিক্ষেত্র সৃষ্টি করে তথায় অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ১০ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৩৭/২০১২(অংশ)-১৪৭৬**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক মোহাম্মদ নজরুল ইসলাম, পিতা মোহাম্মদ জিন্নত আলী, মাতা মৃত নুরজাহান বেগম, সাং সানারপাড়, সিদ্ধিরগঞ্জ, ৩নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ৩নং ওয়ার্ডের শূন্য পদে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবান পূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৩৭/২০১২(অংশ)-১৪৭৭**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক মুহাম্মদ আবদুর রব, পিতা মুহাম্মদ আলাউদ্দিন, মাতা খোদেজা বেগম, সাং মিজমিজি দক্ষিণ পাড়া, ওয়ার্ড নং-০২, থানা সিদ্ধিরগঞ্জ, জেলা নারায়ণগঞ্জ-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ২নং ওয়ার্ডের শূন্য পদে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবান পূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৩৭/২০১২-১৪৭৮**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ রাসেল মিয়া, পিতা মৃত কাজী মোঃ হানিফ কবির, মাতা জাহানারা বেগম, ২৩/৩, কোটপাড়া, পোঃ+থানা বন্দর, জেলা নারায়ণগঞ্জ-কে কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ২২নং ওয়ার্ডের শূন্য পদে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবান পূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ১২ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৮৩/২০১৩-১৫০৯**—আর্দিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম, পিতা-মোহাম্মদ হাছেন আলী, মাতা-রাহেলা খাতুন, ঠিকানা-৫৪/৩, গুলকীবাড়ী, সদর, ময়মনসিংকে-কে ময়মনসিংহ জেলার সদর পৌরসভার ৫নং ওয়ার্ডের জন্য কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে ময়মনসিংহ জেলার সদর পৌরসভার ৫নং ওয়ার্ডের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৮৩/২০১৩-১৫১০**—আর্দিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব আ. ফ. ম আব্দুল্লা হেল কাফী, পিতা-মৃত কাজী এ, কে, এম, হযরত আলী, মাতা-মৃত হাফিজা খাতুন, গ্রাম-গুজিয়াম, পোঃ গুজিয়াম, উপজেলা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহ-কে ত্রিশাল উপজেলার ১২ নং আমিরাবাড়ী ইউনিয়নের জন্য কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার ১২নং আমিরাবাড়ী ইউনিয়নের জন্য অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৮৩/২০১৩-১৫১১**—আর্দিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোহাম্মদ আশিকুর রহমান, পিতা-মৃত কাজী ওয়াহিদুজ্জামান, মাতা-মাহমুদা খানম, গ্রাম-গয়েশপুর, পোঃ কাওরাইদ, উপজেলা-গফরগাঁও, জেলা-ময়মনসিংহ-কে গফরগাঁও উপজেলার ১২নং পাইথল ইউনিয়নের জন্য কোন আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার ১২নং পাইথল ইউনিয়নের জন্য অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহবানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ৩১ অক্টোবর ২০১৩

**নং বিচার-৭/২এন-২৭/২০১৩-১৩৯৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব রমেশ চন্দ্র গোস্বামী, পিতা-রামু গোপাল গোস্বামী, গ্রাম-বি-মালঞ্চী, ডাকঘর-মৌরাট, উপজেলা-পাংশা, জেলা-রাজবাড়ী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার পাংশা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ অক্টোবর ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৫.১৩-৪১**—রাষ্ট্রের সার্বভৌমত্বের বিরুদ্ধে উস্কানিমূলক বক্তব্যসহ জঙ্গি তৎপরতা চালানোর সময় নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর এর লিফলেটসহ আসামী মোঃ রিদোয়ান হোসেন প্রঃ সুমন ইকবাল, পিতা মোঃ আজিজুল মান্নান, সাং হরিপুর, থানা বিশ্বনাথ, জেলা সিলেটকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে সিলেট মহানগরের শাহপরান (রহঃ) থানার মামলা নং ০৩, তারিখ ১৮-০৮-২০১১ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৮/৯(২)/১৩ মামলা রুজু করা হয়। তার বিষয়ে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের জন্য আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর আধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ অক্টোবর ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৩-৪৫**—বিগত ২২-৮-২০১৩ খ্রিঃ তারিখ ১৩:০৫ ঘটিকার সময় গাইবান্ধা পলাশবাড়ী রোডে কেন্দ্রীয় বাসস্ট্যান্ড সংলগ্ন ঐশি ক্লিনিকের পার্শ্বে হাসান ফার্মেসীর সামনে বিভিন্ন ধরনের ইসলামী বই, লিফলেট ও হেজবুত তওহীদ এর প্রচারিত লিফলেট বিক্রয়সহ ইসলাম ধর্মীয় অপপ্রচারমূলক বক্তব্য ও মন্তব্য করে ইসলাম ধর্মীয় অনুভূতিতে আঘাত হানায় উপস্থিত লোকজনদের মনে ক্ষোভের সৃষ্টি হয় এবং আইন-শৃংখলা পরিস্থিতির অবনতিসহ জঙ্গীবাদী ধ্বংসাত্মক কার্যকলাপের আশংকায় আসামী (১) মোছাঃ মেহেরজান নেছা (৩৬), স্বামী মোঃ আনছার আলী, সাং সিন্দুরকোটা, থানা গাংনী, জেলা মেহেরপুর, (২) মোছাঃ শামীমা আকতার, বয়স (২০), স্বামী মোঃ শফিকুল ইসলাম শফি, সাং কুশুলপুর পূর্ব পাড়া, থানা ফুলবাড়ী, জেলা দিনাজপুর, (৩) মোছাঃ আলপনা আকতার (১৯), স্বামী মোঃ রিয়াজুল ইসলাম, সাং ইন্দ্রঘর, থানা কচাকাটা, জেলা কুড়িগ্রাম-কে গাইবান্ধা থানা পুলিশ কর্তৃক গ্রেফতার করা হয় এবং তাদের দখলে থাকা লিফলেট ও বই জব্দ তালিকামূলে উপস্থিত সাক্ষীদের সমীপে জব্দ করে আসামীসহ হেফাজতে গ্রহণ করা হয়। জিজ্ঞাসাবাদে আসামীগণ তাদের দলের প্রধান (এমামুয্ যামান), জনাব মোঃ বায়াজীদ খাঁন পন্নীকে শেষ জামানার ঈমাম হিসেবে প্রকাশ ও প্রচার করে ইসলাম ধর্মীয় বিশ্বাসের উপর বিভ্রান্তি সৃষ্টি করে এবং ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে যা দণ্ডবিধি ২৯৫-ক ধারার অপরাধ। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীগণের বিরুদ্ধে দণ্ডবিধি ২৯৫-ক ধারা অপরাধ সংঘটনের অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, গাইবান্ধা থানা-কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজধারী কার্যবিধির ১৮৯৮ এর ধারা ১৯৬ এর অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৩-৪৬**—বিগত ১৫-০১-২০১৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ১৯:৩০ ঘটিকার সময় গাইবান্ধা শহরের বাসস্ট্যান্ডের পার্শ্বে সোনালী ব্যাংকের সামনে বিভিন্নি ধরনের ইসলামী বই, লিফলেট ও হেজবুত তওহীদ এর প্রচারিত লিফলেট বিক্রয়সহ ইসলাম ধর্মীয় অপপ্রচারমূলক বক্তব্য ও মন্তব্য করে ইসলাম অনুভূতিতে আঘাত হানায় উপস্থিত লোকজনদের মনে ক্ষোভের সৃষ্টি হয় এবং আইন-শৃংখলা পরিস্থিতির অবনতিসহ জঙ্গীবাদী ধ্বংসাত্মক কার্যকলাপের আশংকায় আসামী (১) মোঃ খাইরুল ইসলাম ওরফে খোকন, পিতা মোঃ জয়েন উদ্দিন ওরফে বাদশা, সাং কাতলামারী, ইউনিয়ন গজারিয়া, থানা ফুলছড়ি, জেলা গাইবান্ধা কে গাইবান্ধা থানা পুলিশ কর্তৃক গ্রেফতার করা হয় এবং তাদের দখলে থাকা লিফলেট, বই ও সিডি জব্দ তালিকামূলে

উপস্থিত সাক্ষীদের সমীপে জব্দ করে আসামীগণসহ হেফাজতে গ্রহণ করা হয়। গ্রেফতারকৃত আসামীকে জিজ্ঞাসাবাদে তার দলের প্রধান (এমামুয্ যামান), জনাব মোঃ বায়াজীদ খাঁন পন্নীকে শেষ জামানার ইমাম হিসেবে প্রকাশ ও প্রচার করে ইসলাম ধর্মীয় বিশ্বাসের উপর বিভ্রান্তি সৃষ্টি করে এবং ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে যা দন্ডবিধি ২৯৫-ক ধারার অপরাধ। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীগণের বিরুদ্ধে দণ্ডবিধি ২৯৫-ক ধারা অপরাধ সংঘটনের অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে অফিসার ইনচার্জ, গাইবান্ধা থানা কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজধারী কার্যবিধির ১৮৯৮ এর ধারা ১৯৬ এর অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপ-সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## অধিশাখা-১০

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ কার্তিক ১৪২০/২৭ অক্টোবর ২০১৩

**নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৩.১৩-৯৮২**—লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন "দহগ্রাম উচ্চ বিদ্যালয়"টি ০৬ অক্টোবর ২০১৩ খ্রিস্টাব্দ /২১ আশ্বিন ১৪২০ বঙ্গাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সহিদুল ইসলাম**
যুগ্ম-সচিব।